


### প্রশিক্ষণার্থী ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ কর্তৃক পরিচালিত ২০২৩-২০২৪ অর্থ বছরে (জানুয়ারি/২৪ হতে মার্চ/২৪ পর্যন্ত) ৩ মাস মেয়াদী “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় নিম্নে বর্ণিত প্রশিক্ষণ কোর্সে শর্ত সাপেক্ষে মহিলা প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। ভর্তি ইচ্ছুক আশ্রয়ী প্রার্থীগণকে আবেদনপত্র আগামী ২৪/১২/২০২৩খ্রি: তারিখের মধ্যে উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। উল্লেখ্য প্রশিক্ষণ চলাকালীন সময় প্রশিক্ষণার্থীগণ সরকার কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণার্থীদের দৈনিক হাজিরা ভিত্তিতে ১০০.০০(একশত) টাকা হারে ভাতা দেওয়া হবে।

| ক্রঃ নং | কোর্সের নাম                      | শিক্ষাগত যোগ্যতা | প্রশিক্ষণার্থী সংখ্যা | কোর্সের মেয়াদ |
|---------|----------------------------------|------------------|-----------------------|----------------|
| ০১.     | ডেস মেকিং এন্ড ট্রেইলারিং        | ৮ম শ্রেণী        | ২০জন                  | ০৩(তিন) মাস    |
| ০২.     | সার্টিফিকেট ইন-বিউটিফিকেশন       | ৮ম শ্রেণী        | ২০জন                  | ০৩(তিন) মাস    |
| ০৩.     | ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন    | ৮ম শ্রেণী        | ২০জন                  | ০৩(তিন) মাস    |
| ০৪.     | ব্লক বাটিক এন্ড প্রিন্টিং        | ৮ম শ্রেণী        | ২০জন                  | ০৩(তিন) মাস    |
| ০৫.     | শো-পিচ এন্ড হ্যান্ডিক্রাফট মেকিং | ৮ম শ্রেণী        | ২০জন                  | ০৩(তিন) মাস    |

#### প্রশিক্ষণ কোর্সে ভর্তির প্রয়োজনীয় শর্তাবলীঃ-

- ১। আবেদনকারীকে অবশ্যই নওগাঁ জেলার বাসিন্দা হতে হবে।
- ২। তালাকপ্রাপ্ত/বিধবা/স্বামী পরিত্যক্তা যাহার স্বামী কর্মে অক্ষম এবং এতিম অসহায় এমন মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৩। বয়সসীমা ১৬ বছর হতে ৪৫ বছর হতে হবে।
- ৪। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদনপত্র আগামী ২৪/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।  
নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই অসম্পন্ন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৬। আবেদনপত্রের সাথে ভোটার আইডি/জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি সত্যায়িত।
- ৭। স্থানীয় পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সার্টিফিকেট থাকতে হবে।
- ৮। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সত্যায়িত।
- ৯। অফিস হতে আবেদনপত্র ফরম সংগ্রহ করে নির্দিষ্ট ট্রেডে আবেদন ফরম পূরণ করে জমা দিতে হবে।
- ১০। আগামী ২৭/১২/২০২৩খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
- ১১। সাক্ষাৎকারে উপস্থিত হবার জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

  
(ইসরাত জাহান)

উপপরিচালক  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
নওগাঁ

সদয় জ্ঞাতার্থে :

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), নওগাঁ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ।
- ৬। প্রকল্পপরিচালক, “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৭। ..... অফিসার ও সদস্য নওগাঁ।
- ৮। অফিসকপি।